# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


## বিষয় : ভূগোল: প্রথম পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ১২৫**

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

**১.** ▶




ক. আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম কী? ১

খ. মেঘ সৃষ্টির প্রক্রিয়া ব্যাখ্যা করো। ২

গ. 'A' চিহ্নিত অঞ্চলে প্রবাহিত বায়ুর গতি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'A' অঞ্চলে কোন ধরনের জলবায়ু পরিলক্ষিত হবে? যুক্তি দাও। ৪

**২.** ▶ উইং প্রফু মিয়ানমারের অধিবাসী। সে উচ্চ শিক্ষার জন্য পার্শ্ববর্তী একটি দেশে আসে। দেশটির তিনদিকে একটি রাষ্ট্র অবস্থিত এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত। দেশটির গ্রীষ্মকালীন তাপমাত্রা দিনদিন বৃদ্ধি পাচ্ছে এবং বর্ষাকাল অনিয়মিতভাবে ঘটছে। ফলে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ বারবার সংঘটিত হচ্ছে।

ক. জলবায়ু অঞ্চল কাকে বলে? ১

খ. ভূমধ্যসাগরীয় অঞ্চলকে ফলের রাজ্য বলা হয় কেন? ২

গ. উইংপ্রফুর উচ্চ শিক্ষা গ্রহণকৃত দেশের শীতকালীন সময়ের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশের জলবায়ুতে গ্রীণহাউজ প্রতিক্রিয়া প্রভাব বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৩.▶ আজাদ সাহেব চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমুদ্রবিজ্ঞান বিষয়ের শিক্ষক। তিনি তার বিষয়বস্তু গবেষণার জন্য শিক্ষার্থীদের নিয়ে প্রায় বঙ্গোপসাগরের উপকূলে যান। তিনি শিক্ষার্থীদের মহীসোপান, মহীঢাল, শৈলশিলা ইত্যাদি সম্পর্কে ধারণা দেন। আবার বঙ্গোপসাগরের গুরুত্বও শিক্ষার্থীদের নিকট উপস্থাপন করেন।

ক. সাগর কী? ১

খ. ঘনীভবন কীভাবে ঘটে? ২

গ. আজাদ সাহেবের গবেষণাকৃত বিষয়ের ভূমিরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সাগর বাংলাদেশের অর্থনীতিতে কী গুরুত্ব বহন করে? তা মূল্যায়ন করো। ৪

৪.▶ শাহীন পতেঙ্গা সমুদ্র সৈকতে বেড়াতে গেলেন। সেখানে গিয়ে দেখলেন সমুদ্রের পানি উপকূলের কানায় কানায় পূর্ণ হয়ে যাচ্ছে। আবার কয়েক ঘণ্টা পর লক্ষ করলেন এই পানি ধীরে ধীরে নিচে নেমে যাচ্ছে। পানি কানায় কানায় পূর্ণ হওয়ার সাথে সাথে সমুদ্রগামী জাহাজগুলো কর্ণফুলী নদী দিয়ে বন্দরে প্রবেশ করছিল।


ক. সমুদ্রস্রোত কাকে বলে? ১

খ. বায়ুপ্রবাহ সমুদ্রস্রোত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. শাহীনের প্রত্যক্ষ করা ঘটনাটির কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উপকূলীয় অঞ্চলে উক্ত ঘটনার প্রভাব বিশ্লেষণ করো। ৪

৫.▶




ক. প্রকৃতিক ভূগোল কী? ১

খ. ভূগোলের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের 'ক' স্তরটি মানুষের জন্য গুরুত্বপূর্ণ ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রের ক, খ ও গ এর গঠনগত পার্থক্য বিশ্লেষণ করো। ৪

TeachingBD.com

৬. ▶




ক. পর্বত কাকে বলে? ১

খ. প্লাবন সমভূমি গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের 'ক' অঞ্চলের ভূমির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কী মনে করো চিত্রের 'ক' 'খ' ও 'গ' অঞ্চল ব্যতীত পুরো বাংলাদেশ একই প্রক্রিয়ায় গঠিত? তোমাদের উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ পত্যয়ের বাড়ি পদ্মা নদীর পাশে। প্রত্যয় প্রায় দেখতে পায় পদ্মার পাড় নদীতে বিলিন হয়ে যাচ্ছে। ফলে অনেক মানুষ তাদের ভিটেমাটি হারাচ্ছে এবং নিস্ব হয়ে যাচ্ছে। আবার পদ্মার অপর পাড়ে দেখা যাচ্ছে বিশাল চরের সৃষ্টি হচ্ছে। এখানে মানুষ চাষাবাদ করে ফসল উৎপাদন করছে। যা নদীর একটি স্বাভাবিক কার্য।


ক. নদী শাসন কাকে বলে? ১

খ. অশ্বক্ষুরাকৃতি হ্রদ কীভাবে সৃষ্টি হয়? ২

গ. প্রত্যয়ের এলাকায় এ ধরনের ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঘটনা প্রতিরোধের প্রয়োজনীয় পদক্ষেপ বিশ্লেষণ করো। ৪

৮. ▶




ভূ-পৃষ্ঠ

ক. বায়ুমণ্ডলের উপাদানগুলোকে কয়টি ভাগে ভাগ করা হয়? ১

খ. ধূলিকণা বায়ুমণ্ডলের একটি গুরুত্বপূর্ণ উপাদান-বর্ণনা করো। ২

গ. চিত্রের 'C' স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. 'A' ও 'B' স্তরটি জীবজগতের জন্য গুরুত্বপূর্ণ- তোমার মতামত উপস্থাপন করো। ৪

http://teachingbd.com

# বিষয় : ভূগোল: প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. জাপানের ফুজিয়ামা কোন পর্বতের অন্তর্গত?**
ⓚ সঞ্চয়জাত পর্বত ⓚh ক্ষয়জাত পর্বত
ⓖ গম্বুজ পর্বত ⓖh ভঙ্গিল পর্বত

**২. গুরুমণ্ডল গঠনকারী উপাদানগুলোর মধ্যে রয়েছে—**
i. সিলিকন
ii. অ্যালুমিনিয়াম
iii. ম্যাগনেশিয়াম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৩. হিমালয় পর্বত সৃষ্টির প্রধান কারণ নয় কোনটি?**
ⓚ পাত সঞ্চালন
ⓚh গিরিজনি আলোড়ন
ⓖ উলম্ব আলোড়ন
ⓖh আনুভূমিক আলোড়ন

**৪. গুরুমণ্ডলের পদার্থগুলো পানি অপেক্ষা কতগুণ ভারী?**
ⓚ ১০/১২ ⓚh ৬/৮
ⓖ ৪/৫ ⓖh ২/৩

**৫. ক্রোফেসিমা কোন মণ্ডলে অবস্থিত?**
ⓚ বহিঃগুরুমণ্ডল ⓚh অন্তঃগুরুমণ্ডল
ⓖ কেন্দ্রমণ্ডল ⓖh অশ্মমণ্ডল

**৬. ভূমিকম্পের কেন্দ্র ভূ-অভ্যন্তরের কত গভীরে থাকে?**
ⓚ ১০-১৪ কি.মি. ⓚh ১৬-২০ কি.মি.
ⓖ ২০-২৪ কি.মি. ⓖh ২৬-৩০ কি.মি.

**৭. দুই নদীর মধ্যবর্তী ভূমিকে কী বলে?**
ⓚ অববাহিকা ⓚh দোয়াব
ⓖ জলবিভাজিকা ⓖh উপত্যকা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
নদীমাতৃক এই দেশে নদী ভাঙন খুব স্বাভাবিক ঘটনা। নদী ক্ষয়ের ফলে নানারকম ভূমিরূপ দেখা যায়। আবার বর্ষাকালে নদীর দুকূল প্লাবিত হয়ে বন্যা শুরু হয়।

**৮. নদীভাঙনের মূল কারণ কী?**
ⓚ নদীর বক্রতা
ⓚh মাটির বুনট
ⓖ প্রবল স্রোত
ⓖh পানির প্রবাহ

**৯. বাংলাদেশে নদীর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট ভূমিরূপ—**
i. স্বাভাবিক বাঁধ
ii. বর্তুলাকার গর্ত
iii. স্বাভাবিক জলাধার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**১০. নিরক্ষীয় অঞ্চলের গড় উষ্ণতা কত?**
ⓚ ২৫° সে. ⓚh ২৭° সে.
ⓖ ৩০° সে. ⓖh ৩২° সে.

**১১. কোন অঞ্চলটি অবসাদ অঞ্চল নামে পরিচিত?**
ⓚ হিম মণ্ডল ⓚh উপক্রান্তীয় চাপবলয়
ⓖ ক্রান্তীর চাপবলয়
ⓖh নিরক্ষীয় নিম্নচাপবলয়

**১২. নিচের কোন বায়ুটির বেগ বেশি?**
ⓚ উত্তর-পূর্ব অয়ন বায়ু
ⓚh উত্তর-পশ্চিম পশ্চিমা বায়ু
ⓖ উত্তর-পূর্ব মেরু বায়ু
ⓖh দক্ষিণ-পূর্ব আয়ন বায়ু

**১৩. খামসিন বায়ুর বৈশিষ্ট্য হলো—**
i. ভূমধ্যসাগরে উৎপত্তি হয়
ii. এপ্রিল-মে মাসে প্রবাহিত হয়
iii. মিশরে প্রবেশ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

১৪. ভূমধ্যসাগরীয় জলবায়ু কত ডিগ্রি অক্ষাংশে দেখা যায়?
ⓚ ৩০°-৩৫° অক্ষাংশ ⓚ ৩০°-৪০° অক্ষাংশ
ⓖ ৩০°-৪৫° অক্ষাংশ ⓖ ৩০°-৫০° অক্ষাংশ

১৫. মৌসুমি জলবায়ুর বৈশিষ্ট্য হলো—
i. ঋতু পরিবর্তনের সাথে দিক পরিবর্তন হয়
ii. ঋতু পরিবর্তনের সাথে গতি পরিবর্তন হয়
iii. সারা বছর বৃষ্টিপাত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii


১৬. ডলফিন শৈলশিরা কোন মহাসাগরে আছে?
ক প্রশান্ত মহাসাগর খ আটলান্টিক মহাসাগর
গ ভারত মহাসাগর ঘ এন্টার্কটিকা মহাসাগর

১৭. মারিয়ানা খাতের গভীরতম অংশের নাম কী?
ক মিন্তানাও খাত খ চ্যালেঞ্জার খাত
গ নারো খাত ঘ জাপান খাত

১৮. ঊর্ধ্বগামী ও নিম্নগামী স্রোতের সৃষ্টির কারণ কী?
ক বায়ু প্রবাহ খ উষ্ণতার তারতম্য
গ পৃথিবীর আবর্তন ঘ সমুদ্রের গভীরতা

১৯. উষ্ণ উপসাগরীয় স্রোতের প্রভাবে—
i. উত্তর আমেরিকার পূর্বাংশে ও পশ্চিম ইউরোপে ব্যবসা-বাণিজ্য বেড়েছে
ii. এ অঞ্চলগুলোতে বৃষ্টিপাত হয়
iii. সারা বছর জাহাজ এ অঞ্চলগুলোয় চলাচল করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

নিচের চিত্রটি দেখো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।



পূর্ণিমার তেজ কটাল বা ভরা কটাল

২০. প্রতিমাসে কতবার ভরা কটাল হয়ে থাকে?
ক ১ বার খ ২ বার
গ ৩ বার ঘ ৪ বার

২১. তেজ কটাল হওয়ার সময়—
i. সূর্যের আকর্ষণ চন্দ্রের আকর্ষণকে সাহায্য করে
ii. পূর্ণিমার দিনে হয়
iii. চন্দ্র ও সূর্য একই সরলরেখায় থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২২. বাংলাদেশের অধিকাংশ বনভূমি কোন অঞ্চলে দেখা যায়?
ক সমভূমি অঞ্চলে
খ উচ্চভূমি অঞ্চলে
গ উপকূলীয় অঞ্চলে
ঘ নিম্নভূমিতে

২৩. ক্রান্তীয় পত্র পতনশীল বনভূমির প্রধান বৃক্ষ কী?
ক মেহগনি বৃক্ষ
খ গরান বৃক্ষ
গ গজারি বৃক্ষ
ঘ গেওয়া বৃক্ষ

২৪. বায়োমের বৈশিষ্ট্য হলো—
i. ভূ-পৃষ্ঠের এক-তৃতীয়াংশ নিয়ে বনভূমি বায়োম গঠিত হয়
ii. ক্রান্তীয় তৃণভূমি হলো সাভানা বায়োম
iii. পৃথিবীর সবচেয়ে বড় বায়োম হলো লবণাক্ত পানির বায়োম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৫. উদ্ভিদ কী আকারে নাইট্রোজেন গ্রহণ করে?
ক গ্যাস আকারে
খ অ্যাসিড আকারে
গ লবণ আকারে
ঘ কোনোটিই নয়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ |
| | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | | |

http://teachingbd.com